রেজিস্টার্ড নং ডি এ-১ "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, এপ্রিল ১৯, ২০২২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ**

**সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়**

**সম্পত্তি শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৭ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ/৩১ মার্চ ২০২২ খ্রিস্টাব্দ

নং **৩৫.০০.০০০০.০২৩.২২.০১৪.১৫-১০৩**—সড়ক ও জনপথ অধিদপ্তরের ভূমি ব্যবস্থাপনা নীতিমালা-২০১৫ এর ১৪.৯ অনুচ্ছেদে উল্লিখিত সড়ক ও জনপথ অধিদপ্তরের ভূমিতে স্থাপিত পেট্রোল পাম্প, ডিজেল পাম্প ও সিএনজি রিফুয়েলিং স্টেশন (প্রবেশপথসহ) এবং অনুচ্ছেদ-১৪.১ এ বর্ণিত ব্যক্তি মালিকানাধীন ভূমিতে স্থাপিত পেট্রোল পাম্প, ডিজেল পাম্প ও সিএনজি স্টেশনে যাতায়াতের প্রবেশপথ-এর ইজারা ফি অনুচ্ছেদ-১৪.৫, ১৪.৬ ও ১৪.৭-এ বর্ণিত হার/পদ্ধতির পরিবর্তে নিম্নবর্ণিত হার/পদ্ধতিতে পুনঃনির্ধারণ করা হলো :

| **পুনঃনির্ধারিত ইজারা ফি** | |
|---|---|
| **স্থান** | **শতাংশ প্রতি বাৎসরিক ইজারা ফি (টাকা)** |
| ঢাকা মহানগরীর জন্য | ৩২,৭৩০.০০ (বত্রিশ হাজার সাতশত ত্রিশ) |
| নারায়ণগঞ্জ, গাজীপুর, সিলেট ও চট্টগ্রাম সিটি কর্পোরেশন আওতাধীন এলাকার জন্য | ২১,৮১৬.০০ (একুশ হাজার আটশত ষোল) |
| অন্যান্য মেট্রোপলিটন শহর/সিটি কর্পোরেশন এলাকার জন্য | ১০,৯০৮.০০ (দশ হাজার নয়শত আট) |
| বাকী অন্যান্য স্থান/এলাকার জন্য | ৬,৫৪৬.০০ (ছয় হাজার পাঁচশত ছিচল্লিশ) |

২.০ সড়ক ও জনপথ অধিদপ্তরের ভূমি ব্যবস্থপনা নীতিমালা-২০১৫ জারীর পূর্বে ২০০৪ সালের বা তৎপূর্বের নীতিমালা অনুযায়ী সওজ অধিদপ্তরের ভূমিতে স্থাপিত পেট্রোল পাম্প, ডিজেল পাম্প ও সিএনজি রিফুয়েলিং স্টেশন (প্রবেশপথসহ) এর ক্ষেত্রে ইজারা নবায়নের সময় ১০ (দশ) বছরের বাৎসরিক ইজারা ফি একত্রে পরিশোধ করতে হবে।

৩.০ বিদ্যমান সড়ক ও জনপথ অধিদপ্তরের ভূমি ব্যবস্থাপনা নীতিমালা-২০১৫ অনুযায়ী ব্যক্তি মালিকানাধীন ভূমিতে স্থাপিত পেট্রোল পাম্প, ডিজেল পাম্প ও সিএনজি ইত্যাদি স্টেশনে যাতায়াতের প্রবেশপথ নির্মাণের জন্য ইতোমধ্যে যে সকল প্রতিষ্ঠান সওজ'র ভূমি ইজারা গ্রহণ করেছে সে সকল প্রতিষ্ঠানের ক্ষেত্রে পরবর্তী ইজারা নবায়নের সময় হতে এ হার (**ছকে বর্ণিত**) প্রযোজ্য হবে।

৪.০ ব্যক্তি মালিকানাধীন ভূমিতে স্থাপিত পেট্রোল পাম্প, ডিজেল পাম্প ও সিএনজি ইত্যাদি স্টেশনে যাতায়াতের জন্য নতুন করে প্রবেশপথের ইজারা গ্রহণের ক্ষেত্রে এ হার (**ছকে বর্ণিত**) প্রযোজ্য হবে এবং ১০ (দশ) বছরের বাৎসরিক ইজারা ফি একত্রে পরিশোধ করতে হবে।

৫.০ বিদ্যমান সড়ক ও জনপথ অধিদপ্তরের ভূমি ব্যবস্থাপনা নীতিমালা-২০১৫ এর অন্যান্য অনুচ্ছেদের বিধানাবলী অপরিবর্তীত থাকবে।

৬.০ জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ গোলাম জিলানী**
সিনিয়র সহকারী সচিব।

মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www. bgpress. gov. bd